

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA**  
**Date: 02-09-2025**  
**Time: 07:55-08:05 PM Hrs**  
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

- (১) রাজ্যপাল ইন্দ্রসেনা রেডিও নাম্বু তরুণ প্রজন্মকে গ্রাম ছেড়ে আসার প্রবনতা দূর করতে গ্রাম পঞ্চায়েতগুলিকে কর্মসংস্থান উদ্যোগ গ্রহণে আগ্রহ তৈরী করার উপর ওরুভ দেন।
- (২) মৎস্য ও প্রাণিসম্পদ বিকাশ মন্ত্রী সুধাংশু দাস বলেছেন, বর্তমান সরকার জনগণের আর্থিক উন্নয়নে সর্বোচ্চ ওরুভ দিলে।
- (৩) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বলেছেন, ভারতীয় অর্থনীতি স্থিতিশীল এবং বিশ্বের দ্রুততম উন্নয়নশীল অর্থনীতি।
- (৪) সমগ্র শিক্ষা দণ্ডের উদ্যোগে আজ থেকে আগরতলার মহারাজী তুলসীবতী বালিকা বিদ্যালয়ে পশ্চিম ত্রিপুরা জেলাভিত্তিক কলা উৎসব শুরু হয়েছে।
- (৫) স্কুল ক্রীড়ার অনূর্ধ্ব ১৭ বালক ও বালিকা বিভাগের রাজ্যভিত্তিক বাস্কেটবল প্রতিযোগিতা এবং যুব বিষয়ক ও ক্রীড়া দণ্ডের উদ্যোগে রাজ্যভিত্তিক অনূর্ধ্ব সতেরো বালক-বালিকা উভয় বিভাগের হ্যান্ডবল প্রতিযোগিতা আজ শুরু হয়েছে।

\*\*\*\*\*

**Governor :**

ত্রিপুরায় ত্রিস্তর পঞ্চায়েত প্রতিনিধিদের নিয়ে আগরতলার অরুঙ্কতিনগরের স্টেট পঞ্চায়েত রিসোর্স সেন্টারে দুইদিনের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কর্মশালা আজ সন্ধ্যায় শেষ হয়েছে। সমাপ্তি অনুষ্ঠানে রাজ্যপাল ইন্দ্রসেনা রেডিও নাম্বু বলেন, গ্রামীন জনগণের আশা আকাংখা পূরণে গণতান্ত্রিক ব্যবস্থায় গ্রাম পঞ্চায়েতের ভূমিকা ওরুভপূর্ণ। তিনি তরুণ প্রজন্মকে গ্রাম ছেড়ে আসার

প্রবনতা দূর করতে গ্রাম পঞ্চায়েতগুলিকে কর্মসংস্থান উদ্যোগ গ্রহণে আগ্রহ তৈরী করার উপর ওরুত্ব দেন।

# # # # Byte-Governor# # # #

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পঞ্চায়েতমন্ত্রী কিশোর বর্মণ ও ভারত ইনিশিয়েটিভ ফাউন্ডেশনের অধিকর্তা নিরব কিশোর ভাই গিলানী বক্তব্য রাখেন।

\*\*\*\*\*

### **Sudhanshu Das :**

মৎস্য ও প্রাণিসম্পদ বিকাশ মন্ত্রী সুধাংশু দাস বলেছেন, বর্তমান সরকার জনগণের আর্থিক উন্নয়নে সর্বোচ্চ ওরুত্ব দিচ্ছে। গ্রামীণ এলাকার মানুষকে পশুপালনে উৎসাহদানের পাশাপাশি তাদের জীবিকা ও আর্থিক উন্নয়নের পথও মজবুত করা হচ্ছে। আজ প্রাণিসম্পদ বিকাশ দপ্তরের উদ্যোগে তেলিয়ামুড়ার হাওয়াইবাড়িতে নবনির্মিত সহকারী পরিচালকের অফিস ভবন ও শূকর প্রজনন খামারের উদ্বোধন করে একথা বলেন তিনি। পশ্চিম হাওয়াইবাড়ি পঞ্চায়েত কমিউনিটি হলে আয়োজিত মূল অনুষ্ঠান মন্ত্রী বলেন, সরকারের মূল লক্ষ্য হচ্ছে সাধারণ মানুষের জন্য বিভিন্ন প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে আর্থসামাজিক উন্নয়ন নিশ্চিত করা। অনুষ্ঠানে বিধানসভার মুখ্য সচেতক কল্যাণী সাহা রায়ও বক্তব্য রাখেন। অনুষ্ঠানে পাঁচজন সুবিধাভোগীর হাতে প্রতীকীভাবে মোরগ ছানা তুলে দেন মন্ত্রী সুধাংশু দাস। স্থানীয় কৃষক ও পশু পালকরা এই প্রকল্পে এলাকার মানুষের অনেক বেশী কর্মসংস্থানের সুযোগ বাঢ়বে বলে আশা প্রকাশ করেছেন।

\*\*\*\*\*

### **Citizen/CUSTOMER Awareness Camp :**

পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী বলেছেন, বিগত ১১ বছরে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নেতৃত্বে ভারত চতুর্থ বৃহত্তম অর্থনীতির দেশ হিসেবে নিজেকে প্রতিষ্ঠিত করেছে। আজ জিরানীয়ায় শচীন্দ্রনগর কলোনীতে সুকান্ত স্মৃতি ভবনের প্রেক্ষাগৃহে কানাড়া ব্যাংকের উদ্যোগে গ্রামীণ এলাকার মহিলাদের

নিয়ে "গ্রাহক/নাগরিক সচেতনতা শিবিরে"র উদ্বোধন করে তিনি একথা বলেন। মন্ত্রী শ্রী চৌধুরী বলেন, প্রধানমন্ত্রী মোদী সর্বদা উন্নয়নের কথা বলেন এবং রাজ্য সরকারও এই দিশাতে কাজ করছে। শ্রী চৌধুরী জানান, প্রধানমন্ত্রী সর্বদা বলেন, উত্তর-পূর্বাঞ্চলের উন্নয়ন ছাড়া গোটা ভারতের উন্নয়ন সম্ভব নয়। এজন্য তিনি অ্যাক্ট ইস্ট নীতি চালু করেছেন এবং ত্রিপুরাকে HIRA মডেল দিয়েছেন। এদিনের কর্মসূচিতে প্রধানমন্ত্রী ক্ল্যাগশীপ প্রকল্প ও গ্রাহকদের ব্যাংকিং ব্যবস্থাপনা সম্পর্কিত বিভিন্ন বিষয়েও অবগত হন পর্যটনমন্ত্রী।

\* \* \* \* \*

### **Agriculture Minister :**

কৃষিমন্ত্রী রত্নলাল নাথ আজ ফটিকছড়ার চা বাগানে পামওয়েল রোপণ কার্যক্রমের সূচনা করেন। তিনি বলেন, দক্ষিণ ভারতে ভালো পামওয়েল চাষ হয়, এবং উত্তর-পূর্ব ভারতের মাটি এই চাষের জন্য খুবই অনুকূল। পামওয়েল চাষের জন্য রাজ্য সরকার গোড়ারেজ এগ্রোভেট ও পতঙ্গলির সঙ্গে চুক্তি করেছে। গোড়ারেজ উত্তর, উন্নকোটি ও ধলাই জেলায় এবং পতঙ্গলি খোয়াই, পশ্চিম, গোমতী, দক্ষিণ ও সিপাহিজলা জেলায় কাজ করবে। এই দুটি কোম্পানি চারা বিতরণ ও প্রক্রিয়াকরণ কেন্দ্র স্থাপন করবে। তিনি জানান, চুক্তি অনুযায়ী দুটি কোম্পানি রাজ্যের বিভিন্ন জেলায় পামওয়েল চারা উৎপাদনের জন্য নার্সারি স্থাপন করবে এবং জেলা পর্যায়ে বিশেষ কারখানা গড়ে তুলবে। রাজ্যের কৃষকরা উৎপাদিত পামওয়েল সরাসরি তাদের ফার্ম গেট থেকে বিক্রি করতে পারবেন। এছাড়া কৃষকদের সহায়তার জন্য কমপক্ষে একটি "ওয়ান-স্টপ সলিউশন সেন্টার" স্থাপন করা হবে।

\* \* \* \* \*

### **Review Meeting-Khowai :**

পঞ্চায়েত মন্ত্রী কিশোর বর্মণ খোয়াই জেলায় ত্রিস্তর পঞ্চায়েতের কাজকর্মের অগ্রগতি নিয়ে আজ খোয়াইয়ে জেলা শাসকের কার্যালয়ে পর্যালোচনা বৈঠক

করেন। আকাশবাণীর প্রতিনিধিকে দেওয়া এক সাফ্ফারকারে তিনি জানান, কেন্দ্রীয় সরকার ও রাজ্য সরকারের অর্থানুকূল্যে ত্রিস্তর পঞ্চায়েতের বিভিন্ন প্রকল্পগুলি যথাযথভাবে বাস্তবায়িত হচ্ছে কিনা এই বিষয়গুলি আজকের বৈঠকে পর্যালোচনা করা হয়। তিনি জানান, ত্রিস্তর পঞ্চায়েতে কাজের সাফল্যের নিরিখে গত বছর গোমতী জেলা দেশের মধ্যে প্রথম স্থান অর্জন করেছিল, আগামীদিনে পঞ্চায়েতস্তরে উৎকর্ষ কাজের জন্য খোঝাই জেলাও পুরস্কার পেতে পারে বলে তিনি আশা ব্যক্ত করেন।

\*\*\*\*\*

### **Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

# ##### Sound Byte #####

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন - ডল্লিউ. ডল্লিউ. ডল্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

\*\*\*\*\*

### **PRESIDENT-CITY UNION BANK :**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বলেছেন, ভারতীয় অর্থনীতি স্থিতিশীল এবং বিশ্বের দ্রুততম উন্নয়নশীল অর্থনীতি। আজ চেন্নাইতে সিটি ইউনিয়ন ব্যাংকের ১২০ বছর পূর্তি উদযাপন অনুষ্ঠানে তিনি একথা বলেন। রাষ্ট্রপতি বলেন, সরকারের বিভিন্ন প্রকল্পের মাধ্যমে ভারতের প্রতিটি নাগরিক আর্থিকভাবে ক্ষমতায়িত হয়েছে। তিনি বলেন, ব্যাংকিং ক্ষেত্র দেশের আর্থিক সমৃদ্ধিতে

গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। গ্রাম-শহরের বৈষম্য দূর করতে নাগরিক-কেন্দ্রিক প্রকল্প আনার জন্য কেন্দ্রীয় অর্থমন্ত্রীকে তিনি অভিনন্দন জানান। কৃষকদের ভর্তুকি, শুদ্ধ ও মাঝারি শিল্পের জন্য ঋণ, মোবাইল ব্যাংকিং, শুদ্ধ ঋণ এবং বীমা পণ্য গ্রহণের মতো প্রকল্পগুলির কথা উল্লেখ করে রাষ্ট্রপতি ডিজিটাল ব্যাংকিংয়ের বিপদ সম্পর্কে জনগণকে সচেতন থাকতে প্রামাণ্য দেন।

অনুষ্ঠানে কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারামন বলেছেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে দেশের অর্থনৈতি প্রাণবন্ত রয়েছে। অর্থমন্ত্রী জানান, বেসরকারি ব্যাংকগুলি দেশ গঠনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে চলেছে।

\* \* \* \* \*

### **PM-SEMICONDUCTOR :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, ভারত একটি শক্তিশালী সেমিকন্ডাক্টর বাস্তুব্যবস্থা তৈরি করছে, দেশকে তা আঞ্চনিক রশীল এবং বিশ্বজনীন প্রতিযোগিতার উপযোগী করে তুলবে। আজ নতুনদিল্লির যশোভূমিতে সেমিকন্ডাক্টর ইন্ডিয়া - ২০২৫ উদ্ঘোষনের পর ভাষণ দিতে গিয়ে শ্রী মোদী উল্লেখ করেন, বিশ্বব্যাপী সেমিকন্ডাক্টর বাজার ইতিমধ্যেই ছয়শ বিলিয়ন ডলারে পৌঁছেছে এবং আগামী বছরগুলিতে সেটি এক ড্রিলিয়ন ডলার ছাড়িয়ে যাবে বলে আশা করা হচ্ছে। তিনি আঞ্চলিক সঙ্গে জানান, ভারত এই বিশ্বব্যাপী সেমিকন্ডাক্টর বাজারের উল্লেখযোগ্য অংশের দখল নেবে। তিনি সেমিকন্ডাক্টর ইন্ডিয়ায় অংশগ্রহণকারী সবাইকে স্বাগত জানিয়ে বলেন, তারা উন্নত এবং স্বনির্ভর দেশ গঠনে ভারতের অভিযাত্রায় গুরুত্বপূর্ণ অংশীদার। তিনি উল্লেখ করেন, বিশ্বজুড়ে অর্থনৈতিক শক্তিগুলি উদ্বেগ এবং চ্যালেঞ্জের মুখোমুখি হলেও, ভারত ৭.৮ শতাংশ প্রবৃদ্ধি অর্জন করতে পেরেছে। শ্রী মোদী মন্তব্য করেন, ভারতের দ্রুত প্রবৃদ্ধি শিল্প ক্ষেত্র সহ প্রত্যেক নাগরিকের মধ্যে নতুন শক্তি সঞ্চারিত করছে।

# # # # # Byte-PM# # # # #

আজ থেকে শুরু হওয়া তিনি দিনের সম্মেলনে দেশে একটি শক্তিশালী, নমনীয় এবং সুস্থায়ী সেমিকন্ডাক্টর বাস্তুব্যবস্থাকে এগিয়ে নেওয়ার উপর আলোকপাত

করা হবে। এতে সেমিকন ইন্ডিয়া কর্মসূচির অগ্রগতি, স্মার্ট উৎপাদন, গবেষণা, উন্নয়ন এবং কৃতিম বুদ্ধিমত্তায় উদ্ভাবনের পাশাপাশি বিনিয়োগের সুযোগ, রাজ্য-স্তরের জীতি বাস্তবায়নের মতো বিষয়ে আলোচনা হবে। প্রধানমন্ত্রী আগামীকাল সিইওদের গোলটেবিল বৈঠকেও অংশগ্রহণ করবেন।

\* \* \* \* \*

### **All India Thal Sainik Camp :**

আজ নয়াদিল্লিতে বারোদিনব্যাপী সর্বভারতীয় স্থল সৈনিক শিবিরের উদ্বোধন হয়। প্রতিরক্ষা মন্ত্রক জানিয়েছে, সমস্ত রাজ্য ও কেন্দ্র শাসিত অঞ্চলকে প্রতিনিধিত্ব করা ১৭টি জাতীয় সমর শিক্ষার্থী বাহিনীর নির্দেশালয়ের ১হজার ৫০০ ক্যাডেট এই শিবিরে অংশগ্রহণ করছেন। তারা বাধা অতিক্রমের প্রশিক্ষণ, মানচিত্র পাঠ ও ফায়ারিং এর মতো প্রতিযোগিতামূলক বিভাগে অংশগ্রহণ করবেন। একইসঙ্গে বিভিন্ন প্রাতিষ্ঠানিক প্রতিযোগিতা ও প্রশিক্ষণের ব্যবস্থা এই শিবিরে থাকবে। এছাড়া শিবিরে সামরিক প্রশিক্ষণ, স্বাস্থ্যকর প্রতিযোগিতার মনোভাব, শৃঙ্খলা, নেতৃত্বদান এবং জাতীয় সংহতির বার্তাও ক্যাডেটদের মধ্যে সঞ্চারিত করার প্রয়াস নেওয়া হবে।

\* \* \* \* \*

### **Art College :**

সরকারি চার্ক ও কার্কলা মহাবিদ্যালয়ের ৫০ বছর পূর্তি উপলক্ষে বৰ্ষ ব্যাপি অনুষ্ঠানের অঙ্গ হিসেবে আগামী ৯ই সেপ্টেম্বর থেকে পাঁচ দিনব্যাপী আর্ট ফেস্টের আয়োজন করা হয়েছে। আজ প্রেস ক্লাবে আয়োজিত সাংবাদিক সম্মেলনে একথা জানিয়েছেন, কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ অভিজিৎ ভট্টাচার্য। তিনি বলেন, ৯ই সেপ্টেম্বর সন্ধ্যা ছয়টায় কলেজের বৰ্ষপূর্তি অনুষ্ঠানের উদ্বোধক হিসেবে আমন্ত্রণ জানানো হয়েছে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাক্তার মানিক সাহকে মানিক সাহকে। অনুষ্ঠানে উপস্থিত থাকবেন উচ্চশিক্ষা মন্ত্রী কিশোর বর্মন, দস্তরের সচিব রাভেল হেমেন্দ্রকুমার, অধিকর্তা অনিমেষ দেববর্মা ও রাজ্যের বিশিষ্ট চিত্র শিল্পী সংঘমিত্রা নন্দী। এছাড়া আগামী ৪ঠা সেপ্টেম্বর আগরতলায় রবীন্দ্র ভবন প্রাঙ্গণ থেকে এক বর্ণাত্য রেলি শহরের বিভিন্ন

পথ পরিক্রমা করবে। পাঁচ দিনের আয়োজনে প্রবীণ ও নবীন শিল্পীদের সম্মিলিত চিত্রকলা ও ভাস্কর্য প্রদর্শনী ছাড়াও কলেজের ইতিহাস সম্বলিত একটি আর্ট গ্যালারিও থাকছে বলে জানান ভারপ্রাপ্ত অধ্যক্ষ।

\* \* \* \* \*

### **West District Kala Utsab :**

সমগ্র শিক্ষা দপ্তরের উদ্যোগে আজ থেকে আগরতলার মহারাজী তুলসীবত্তী বালিকা বিদ্যালয়ে পশ্চিম ত্রিপুরা জেলাভিত্তিক কলা উৎসব শুরু হয়েছে। দুইদিনব্যাপী এই উৎসবের উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আগরতলা পূর্ব নিগমের ডেপুটি মেয়র মনিকা দাস দত্ত, কর্পোরেটর রঞ্জা দত্ত। ডেপুটি মেয়র মনিকা দাস দত্ত বলেন, জেলাভিত্তিক কলা উৎসবে আয়োজিত বিভিন্ন প্রতিযোগিতায় নির্বাচিতরা রাজ্য ভিত্তিক কলা উৎসবে অংশগ্রহণ করবে। দুইদিনব্যাপী কলা উৎসবে জেলার ৬০টি বিদ্যালয়ের নবম থেকে দ্বাদশ শ্রেণির মোট ৬৫০ জন ছাত্রছাত্রী নৃত্য, সংগীত, নাটক, চিত্র ও ভাস্কর্য ইত্যাদি ১২টি বিষয়ে প্রতিযোগিতায় অংশগ্রহণ করবে।

\* \* \* \* \*

### **World Coconut Day :**

বিশ্ব নারিকেল দিবস উপলক্ষে আজ দক্ষিণ জেলার বীরচন্দ্রমন্ডুর দক্ষিণ জেলা কৃষিবিজ্ঞান কেন্দ্রে নারিকেল উন্নয়ন পর্ষদের উদ্যোগে এক আলোচনাসভা অনুষ্ঠিত হয়। আলোচনাচক্রের উদ্বোধন করেন দক্ষিণ জেলা কৃষি বিজ্ঞান কেন্দ্রের প্রধান বরিষ্ঠ বিজ্ঞানী বি কে নন্দা। জেলার ৫০ জনের বেশি কৃষক এই সভায় অংশ নেন।

\* \* \* \* \*

### **State Lavel Basket Ball :**

স্কুল ক্রীড়ার অনুর্ধ্ব ১৭ বালক ও বালিকা বিভাগের রাজ্যভিত্তিক বাস্কেটবল প্রতিযোগিতা আজ থেকে চড়িলামের ভারতরঞ্জ অটল বিহারী বাজপেয়ী দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের মাঠে শুরু হয়েছে। উদ্বোধন করেন সাংসদ রাজীব

ভট্টাচার্য। এই প্রতিযোগিতায় রাজ্যের ৭টি জেলার প্রায় ১৩০ জন প্রতিযোগী অংশগ্রহণ করবে। প্রতিযোগিতা চলবে আগামী চৌর্থা সেপ্টেম্বর পর্যন্ত।

\* \* \* \* \*

### **State Level Handball :**

যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের উদ্যোগে রাজ্যভিত্তিক অনুর্ধ্ব সতেরো বালক-বালিকা উভয় বিভাগের হ্যান্ডবল প্রতিযোগিতা আজ থেকে উনকোটি জেলার কুমারঘাটে শুরু হয়েছে। কুমারঘাটের নয়দ্রোন স্কুল মাঠে এই প্রতিযোগিতার উদ্বোধন করেন কুমারঘাট পুর পরিষদের চেয়ারম্যান বিশ্বজিৎ দাস। রাজ্যের আট জেলা মোট ষোলটি দল এই প্রতিযোগিতায় অংশ নেবে। প্রতিযোগিতা চলবে আগামী চৌর্থা সেপ্টেম্বর পর্যন্ত।

\* \* \* \* \*

### **Weather :**

আগামীকাল আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৭ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৪.৬ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬.৪ ডিগ্রি সেলসিয়াস। বিকেল সাড়ে পাঁচটা পর্যন্ত বৃষ্টি হয়েছে ৯.২ মিলিমিটার।

\* \* \* \* \*